



পনের কোটি মানুষের জন্য প্রতিদিন

যায়যায়দিন

যায়যায়দিন, ০৪-০৬-২০২২, পৃঃ-০৫



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ সহনশীল মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলার আহ্বান

বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ২০২২ সালের গ্রীষ্মকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ করল। বৃহস্পতিবার, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস আফতাবনগরে এই নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই সেমিস্টারে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণিতে প্রায় এক হাজার শিক্ষার্থীকে বরণ করা হয়েছে। অনুষ্ঠানে নবীনদের বরণ করে নেওয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেওয়া হয়। সেইসঙ্গে শিক্ষা কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাদের সঙ্গেও পরিচয় করিয়ে দেওয়া হয়।

নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সৈয়দ মঞ্জুর এলাহী। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডক্টর এম এম শহিদুল হাসান। স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ডক্টর মুহাম্মাদ জিয়াউল হক মামুন এবং অনুষ্ঠানে সভাপতি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর, অধ্যাপক ডক্টর মোহাম্মাদ ফরাসউদ্দিন। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন তিনটি অনুষদের ডিনরুদ্দ। বিজ্ঞপ্তি